বিছমিল্লাহির রাহমানির রাহিম

# ক্রিয়েটিভ এক্সপ্লোরার ফোরাম

নতুনত্বের সন্ধানে......

পশ্চিম জোয়ারিয়ানালা ইলিশিয়াপাড়া, রামু কক্সবাজার।

**অফিস আদেশ**

স্মারক নং সিইএফ/চেয়্যারম্যান/২০২৬/০৬/০১

বিষয়ঃ সাংগঠনিক কার্যক্রম পরিচালনা সংক্রান্ত নির্দেশনা।

সম্মানিত সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম।

আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, আজ ১ জুলাই ২০২৬ থেকে ক্রিয়েটিভ এক্সপ্লোরার ফোরাম (সিইএফ) এর আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হলো। সংগঠনের এই অগ্রযাত্রায় যারা সারথী হিসেবে যুক্ত হয়েছেন, তাদের প্রত্যেককে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা।

সংগঠনের গঠনতন্ত্র এর অধ্যায়- ৮, ধারা- ৪১, উপধারা ৪১.৩ ও ৪ - এ প্রদত্ত ক্ষমতাবলে এবং পরবর্তী মাসিক সভা অনুষ্ঠিত হওয়া পর্যন্ত সংগঠনের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা সমূহ জারি করা হলো।

১। আগামী ৩০ জুলাই ২০২৬- এর মধ্যে প্রত্যেক সদস্য তার প্রতি শেয়ারের বিপরীতে ১০০ (একশত) টাকা সঞ্চয় ও বিবিধ খাতে ১০ (দশ) টাকা জমা প্রদান করবেন।
২। পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত সকল প্রকার সদস্য সংগ্রহ কার্যক্রম স্থগিত থাকবে।
৩। সকল সদস্যকে অনলাইন প্রশিক্ষণের মাধ্যমে সংগঠের ওয়েবসাইটে নিজস্ব একাউন্ট সম্পন্ন করতে হবে।
৪। আগামী শুক্রবারের নির্ধারিত ভোজন ভাইস চেয়্যারম্যান জেলার বাইরে অবস্থান করায় পরবর্তী সপ্তাহে অনুষ্ঠিত হবে ইনশা-আল্লাহ।
৫। বর্তমানে মানসম্মত বৃক্ষচারা সহজলভ্য না হওয়ায় আগামী ১০ জুলাই নির্ধারিত বৃক্ষরোপণ/ চারা বিতরণ কর্মসূচি স্থগিত করা হলো। পরবর্তী তারিখ ভোজন সভায় নির্ধারণ করা হবে।
৬। ফাইনান্স কোঅর্ডিনেটর শীঘ্রই সঞ্চয় জমা প্রদানের পদ্ধতি, প্রয়োজনীয় নিয়মাবলী ও সংশ্লিষ্ট নির্দেশনা সকল সদস্যদের সাথে শেয়ার করবেন।

সকল সদস্যকে উপরোক্ত নির্দেশনা সমূহ যথাযথভাবে অনুসরণ করে সংগঠনের শৃঙ্খলা, ঐক্য ও অগ্রযাত্রায় সক্রিয় ভূমিকা রাখার জন্য আন্তরিকভাবে আহ্বান জানানো হলো।

আল্লাহ আমাদের সকল প্রচেষ্টা কবুল করুন এবং সংগঠনের কল্যাণকর উদ্দেশ্য বাস্তবায়নের তৌফিক দান করুন। আমিন।

নির্দেশক্রমে,

তৌহিদুল ইসলাম (বারেক)
চেয়্যারম্যান
সিইএফ

অনুলিপিঃ
১। উপদেষ্টা পরিষদ
২। জেনারেল সেক্রেটারি
৩। নোটিশ
৪। অফিস কপি